অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/25/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্কজুড়ে গৃহ নির্যাতন কর্মসূচিতে জীবন রক্ষাকারী ওভারডোজ জরুরি কিটের অ্যাক্সেস সম্প্রসারিত করলেন

গৃহ নির্যাতন এবং অন্তরঙ্গ সঙ্গীর নির্যাতনের ভুক্তভোগীর জন্য সহায়তা, যাদের ওভারডোজের ঝুঁকি বেশি

অপিওয়েড এবং ওভারডোজ সমাধানে নিউ ইয়র্কের প্রয়াসকে অব্যাহত রাখতে যার মধ্যে রয়েছে স্টেটব্যাপী প্রায় 700,000 ন্যালোক্সোন কিট প্রদান করা, 335 মিলিয়ন মার্কিন ডলারের বেশি অপিওয়েড সেটেলমেন্ট তহবিল উপলভ্য করা, এবং মোবাইল ইউনিট এবং অন্যান্য নতুন কৌশল প্রয়োগ করা

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট গৃহ নির্যাতন প্রতিরোধ অফিস (Office for the Prevention of Domestic Violence, OPDV), আসক্তি সেবা ও সমর্থন অফিস (Office of Addiction Services and Supports, OASAS), এবং শিশু ও পরিবার পরিষেবা অফিসের (Office of Children and Family Services, OCFS) মধ্যকার একটি অংশীদারিত্বের পর, নিউ ইয়র্ক স্টেটজুড়ে গৃহ নির্যাতন আশ্রয়কেন্দ্র এবং সেবা প্রদানকারীরা এখন বিনামূল্যে ওভারডোজ জরুরি কিটের (Overdose Emergency Kits) অ্যাক্সেস পাবে। প্রকল্প সম্প্রদায় ওভারডোজ প্রতিরোধ শিক্ষার (Community Overdose Prevention Education, COPE)দ্বারা কিট প্রদান সম্ভব হয়েছে, এটি মাদক অপব্যবহার এবং মানসিক স্বাস্থ্য সেবা প্রশাসনের (Substance Abuse and Mental Health Services Administration, SAMHSA) অনুদান দ্বারা অর্থায়িত একটি উদ্যোগ।

"অপিওয়েড এবং ওভারডোজ মহামারী অনেক বেশি নিউ ইয়র্কবাসীকে আক্রান্ত করেছে," **গভর্নর হোকল বলেন।** "ক্ষতি হ্রাস, প্রতিরোধমূলক, এবং চিকিৎসা সমর্থন কর্মসূচিসমূহের পাশাপাশি গৃহ নির্যাতন কর্মসূচিসমূহে জীবন রক্ষাকারী ওভারডোজ জরুরি কিটের সম্প্রসারিত অ্যাক্সেস জীবন রক্ষা করবে, এবং কার্যকর ও সহানুভূতিশীলভাবে ওভারডোজ মহামারীর সমাধান করার উদ্দেশ্যে স্টেটের সংস্থান প্রদান করা আমরা অব্যাহত রাখবো।"

এই উদ্যোগটি অপিওয়েড এবং ওভারডোজ মহামারী সমাধানে গভর্নর হোকলের আগ্রাসী, চলমান প্রয়াসকে অব্যাহত রাখে। বিগত 18 মাসজুড়ে, নিউ ইয়র্ক স্টেটজুড়ে প্রায় 700,000 ওভারডোজ জরুরি কিট বিতরণ করেছে, যার মধ্যে নিউ ইয়র্কের দেশের প্রথম অনলাইন অর্ডারিং পোর্টালের মাধ্যমে বহু বিতরণ করা হয়েছে।

একটি ওভারডোজ জরুরি কিট হলো একটি দেওয়ালে স্থাপন করা ধাতব বাক্স যাতে ন্যালোক্সোন থাকে, ওষুধটি দ্রুত অপিওয়েড ওভারডোজকে পরাজিত করে। নতুন এই উদ্যোগের অংশ হিসেবে, আবাসিক গৃহ নির্যাতন সংক্রান্ত সেবা প্রদানকারীরা তাদের আশ্রয়কেন্দ্রে একটি কিট স্থাপন করতে পারবে যাতে বাসিন্দা ও কর্মীদের কাছে এই জীবন রক্ষাকারী ওষুধের অ্যাক্সেস থাকে। এছাড়াও বাক্সে রয়েছে ন্যালোক্সোন প্রদান করার সম্পর্কিত প্রশিক্ষণ সংস্থান। পাশাপাশি, প্রকল্প COPE গৃহ নির্যাতন কর্মসূচির কর্মীদেরকে ক্ষতি হ্রাস এবং ওভারডোজ প্রতিরোধ সম্পর্কে বিনামূল্যে প্রশিক্ষণ প্রদান করছে।

গবেষণায় বারবার দেখা গেছে যে গৃহ নির্যাতন ও মাদক ব্যবহারের মধ্যে একটি দৃঢ় সম্পর্ক রয়েছে। একটি উদাহরণ হলো জোরপূর্বক মাদক ব্যবহার করানোর মাধ্যমে একটি প্রচলিত কিন্তু স্বল্পহারে সনাক্ত হওয়া শোষণের ধরন যা ভুক্তভোগীদের জন্য উল্লেখযোগ্য বিপদের কারণ হতে পারে। পাশাপাশি, স্টাডিতে দেখা যায় যে শোষণ সম্পর্কিত ট্রমা এবং শারীরিক ক্ষতি সামাল দেওয়ার একটি উপায় হিসেবে শোষিত ব্যক্তির মাদক ব্যবহার করার সম্ভাবনা বেশি থাকে। ভুক্তভোগীরা অনন্য ঝুঁকির সম্মুখীন হয় যা তাদেরকে ওভারডোজের বর্ধিত ঝুঁকিগ্রস্ত করে, যেমন ভুক্তভোগী ও মাদক ব্যবহার সম্পর্কে ব্যাপক সামাজিক কলঙ্ক যা সেবা পাওয়ার ক্ষেত্রে প্রধান প্রতিবন্ধকতার কারণ হতে পারে। এর অর্থ হলো বহু ভুক্তভোগী ন্যালোক্সোনের মতো জীবন রক্ষাকারী ওভারডোজ প্রতিরোধ ব্যবস্থা সংগ্রহ করতে পারে না। অনসাইটে ভুক্তভোগীদের ন্যালোক্সোন প্রদান করার মাধ্যমে গৃহ নির্যাতন কর্মসূচিসমূহ এই ঘাটতি পূরণ করার একটি অনন্য অবস্থানে রয়েছে।

এই অংশীদারিত্বের মাধ্যমে OPDV, OASAS, এবং OCFS এমন গৃহ নির্যাতন ও অন্তরঙ্গ সঙ্গীর নির্যাতনের ভুক্তভোগীদের কাছে পৌঁছাতে চায় যাদের হয়তো অন্যথায় কখনোই তারা যেই প্রতিবন্ধকতার সম্মুখীন হয় তার কারণে ন্যালোক্সোনের মতো জীবন রক্ষাকারী সংস্থানের অ্যাক্সেস পেতো না।

এই প্রয়াসের পাশাপাশি, নিউ ইয়র্ক যেভাবে অপিওয়েড ও ওভারডোজ মহামারীর সমাধান অব্যাহত রেখেছে:

1. নিউ ইয়র্ক স্টেটে প্রতিরোধ, চিকিৎসা, ক্ষতি হ্রাস এবং পুনরুদ্ধারের একটি সম্পূর্ণ ধারাবাহিকতা সমর্থন করার জন্য 335 মিলিয়ন মার্কিন ডলারের বেশি অপিওয়েড সেটেলমেন্ট তহবিল উপলভ্য করে দেশের শীর্ষে থাকা। অপিওয়েড সেটেলমেন্ট তহবিলের (Opioid Settlement Fund) উপদেষ্টা বোর্ডের অগ্রাধিকার অনুসারে এই তহবিল বিতরণ করা হচ্ছে। এই তহবিল যেসব উদ্যোগকে সমর্থন করছে সে সম্পর্কে আরো তথ্য উপলভ্য আছে এখানে।

1. নিজেদের সম্প্রদায়ে মানুষের কাছে সরাসরি সেবা নিয়ে আসে এমন মোবাইল ইউনিট তৈরি, ভর্তির জন্য মূল্যায়ন এবং সকল ধরনের ওষুধসহ চিকিৎসার (Medication Assisted Treatment, MAT) জন্য ওষুধ প্রদান, ওষুধ প্রদান ও পর্যবেক্ষণ, টক্সিকোলজি পরীক্ষা, এবং অন্যান্য মেডিকেল সেবা প্রদান করা। গতানুগতিক ইট পাথরের অবস্থানে যাওয়ার ক্ষেত্রে প্রতিবন্ধকতার সম্মুখীন হয় এমন মানুষের কাছে পৌঁছানোর জন্য এগুলি তৈরি করা হয়েছে।

1. আউটরিচ এবং জড়িতকরণ সেবা সমর্থন দল মোতায়েন করা যারা অধিক ঝুঁকিতে থাকা ব্যক্তি ও জনগোষ্ঠীকে ক্ষতি হ্রাস ও চিকিৎসা সেবার সাথে সংযুক্ত করবে এবং স্বাস্থ্য শিক্ষা প্রদান করবে।

1. মাদক ব্যবহার এবং/অথবা মানসিক স্বাস্থ্য সমস্যা সমাধানে একাধিক সমন্বিত সেবা, যেমন সঙ্কটকালীন হস্তক্ষেপ, স্ক্রিনিং ও মূল্যায়ন, এবং চিকিৎসার পরিকল্পনা প্রদান করার জন্য প্রত্যয়িত সম্প্রদায়ের আচরণগত স্বাস্থ্য ক্লিনিক (Certified Community Behavioral Health Clinics, CCBHCs) স্থাপন করা।

1. মাদক ব্যবহার এবং/অথবা একটি মানসিক স্বাস্থ্য সমস্যা সম্পর্কিত একটি সঙ্কটকালীন পরিস্থিতিতে থাকা ব্যক্তির জন্য সমর্থন, সহায়তা, এবং সেবার জরুরি অ্যাক্সেস প্রদান করার জন্য সঙ্কট স্থিতিশীলকরণ কেন্দ্র খোলা। এই কর্মসূচিসমূহ সপ্তাহে 7 দিন, দিনে 24 ঘণ্টা মানসিক স্বাস্থ্য বা মাদক ব্যবহার সঙ্কটে ভুগতে থাকা ব্যক্তিকে সহায়তা প্রদান করে।

OASAS এর কমিশনার ডাঃ শিনাজো কানিংহ্যাম বলেন, "গৃহ নির্যাতনের পরিস্থিতিতে থাকা ব্যক্তির মাদক ব্যবহারের ঝুঁকি বেশি হতে পারে, এবং নিরাপদ থাকতে তাদের সাহায্য করার জন্য তথ্য ও সংস্থান তাদের কাছে পৌঁছে দিতে কাজ করা আমাদের জন্য গুরুত্বপূর্ণ। এইসব কিটে অন্তর্ভুক্ত ন্যালোক্সোন হলো ওভারডোজে মৃত্যু প্রতিরোধ করার জন্য আমাদের কাছে থাকা সবথেকে গুরুত্বপূর্ণ হাতিয়ারের মধ্যে একটি, এবং এই ওষুধকে আরো অ্যাক্সেসিবল করতে আমাদের অংশীদারদের সাথে কাজ করা হলে তা নিউ ইয়র্ক স্টেটজুড়ে আরো জীবন রক্ষা করতে সাহায্য করবে।"

OCFS এর কমিশনার ডাঃ ডামিয়া হ্যারিস-ম্যাডেন বলেন, "গৃহ নির্যাতন ও অপিওয়েড মহামারীর মধ্যকার সম্পর্ক নিরাপত্তা সন্ধানী ভুক্তভোগী এবং ভুক্তভোগীদের সাহায্য করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ গৃহ নির্যাতন সেবা প্রদানকারী উভয়ের জন্য বহুমুখী সমস্যার সৃষ্টি করে। আবশ্যিক প্রশিক্ষণ ও সংস্থানসহ এইসব বিনামূল্যের জরুরি ওভারডোজ কীট প্রদান করার ফলে গৃহ নির্যাতন সেবা প্রদানকারীদের কাছে অপিওয়েড জরুরি অবস্থার সাড়াদান এবং জীবন রক্ষা করার সক্ষমতা থাকবে।"

OPDV এর নির্বাহী পরিচালক কেলি ওয়েন্স বলেন, "যদিও অন্তরঙ্গ সঙ্গীর দ্বারা নির্যাতনের ভুক্তভোগীদের জন্য ভুক্তভোগীকেন্দ্রিক, ট্রমা অবগত এবং সাংস্কৃতিকভাবে সাড়াদানকারী সংস্থান ও সেবা প্রদানের ব্যাপারে নিউ ইয়র্ক শীর্ষে আছে, তবে আমরা তাদের দীর্ঘ নিরাময়ের যাত্রায় তাদের আরো সাহায্য করার নতুন পন্থা সবসময় অনুসন্ধান করছি। আমাদের সেবাদানকারী অংশীদারদের এইসব জরুরি ওভারডোজ কিট, এবং তা ব্যবহার করার প্রশিক্ষণ প্রদান করার প্রদান করা হলে তা ভুক্তভোগীদের প্রদর্শন করে যে তাদের সুস্থতা এবং সার্বিক স্বাস্থ্য সম্পর্কে আমরা প্রতিশ্রুতিবদ্ধ।"

ইরি কাউন্টির শিশু ও পরিবার পরিষেবার (Child and Family Services of Erie County) ভিকটিম সার্ভিসেস পরিচালক টিফানি প্যাভোন বলেন, "গৃহ নির্যাতনের সেবা প্রদানকারী হিসেবে হাভেন হাউজ অপিওয়েড মহামারী প্রভাব দেখেছে। মাদকের উপর নির্ভরশীলতা ব্যবহৃত হবার ঝুঁকি বৃদ্ধি করে এবং বহু শোষণকারী মাদক ব্যবহারকে একটি নিয়ন্ত্রণ পদ্ধতি হিসেবে ব্যবহার করে। ওভারডোজ প্রতিরোধ প্রশিক্ষণ এবং জরুরি কিট নিশ্চিত করতে সাহায্য করবে যাতে আমাদের আশ্রয়কেন্দ্র এবং সম্প্রদায় উভয় স্থানে আমাদের অ্যাডভোকেটগণ একটি সম্ভাব্য ওভারডোজ সনাক্ত করা এবং প্রয়োজন হলে জীবন রক্ষাকারী ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তুত থাকে।"

নিউ ইয়র্ক স্টেট কোয়ালিশন এগেইনস্ট ডোমেস্টিক ভায়োলেন্সের (New York State Coalition Against Domestic Violence) নির্বাহী পরিচালক কনি নীল বলেন, "প্রকল্প COPE এর মাধ্যমে পুরো নিউ ইয়র্ক স্টেটের গৃহ নির্যাতন অ্যাডভোকেসি কর্মসূচিসমূহ ওভারডোজ প্রতিরোধ প্রশিক্ষণ এবং সংস্থানের সম্প্রসারিত অ্যাক্সেস লাভ করবে। গৃহ নির্যাতনের অনেক বেশি ভুক্তভোগী

উল্লেখযোগ্য ট্রমার শিকার হয় এবং প্রায়শই তাদের জন্য মাদক ব্যবহারের ঝুঁকি বেশি হয়। এছাড়াও গৃহ নির্যাতনের একটি কৌশল হিসেবে বহু ভুক্তভোগীকে জোরপূর্বক মাদক প্রদান করা হয়। নিঃসন্দেহে অতি গুরুত্বপূর্ণ জীবন রক্ষাকারী সরঞ্জাম এবং ক্ষতি হ্রাস ও ওভারডোজ প্রতিরোধের কৌশল আমাদের স্টেটে গৃহ নির্যাতনের অগণিত ভুক্তভোগীর জন্য ব্যাপক পার্থক্য তৈরি করে দিবে।"

এভারগ্রিন হেলথ সিস্টেমের (Evergreen Health System) ক্ষতি হ্রাসের সহকারী ভাইস প্রেসিডেন্ট এমা ফাবিয়ান বলেন, "পুরো স্টেটের গৃহ নির্যাতন আশ্রয়কেন্দ্রসমূহে যে ন্যালোক্সোনের ব্যবস্থা থাকবে তা একটি স্বাগত সংবাদ। নজিরবিহীন এই ওভারডোজ সঙ্কটের সময় ক্ষতি ও মৃত্যু হ্রাস করতে, বিশেষ করে দুর্বল ব্যক্তি ও পরিবার যত্ন গ্রহণ করছে এমন পরিবেশে তা হ্রাস করতে উপলভ্য সকল বিকল্প আমাদেরকে ব্যবহার করতে হবে। মাদক ব্যবহার, স্বাস্থ্যের সামাজিক নির্ণায়ক, এবং ট্রমার সন্ধিস্থলে এমন একটি জনগোষ্ঠী রয়েছে যাদের জন্য ন্যালোক্সোনের মতো হাতিয়ার প্রস্তুত ও উপলভ্য থাকা প্রয়োজন।"

মাদার্স অ্যান্ড বেবিজ পেরিনাটাল নেটওয়ার্কের (Mothers & Babies Perinatal Network) ডেপুটি পরিচালক ক্রিস্টি ফিঞ্চ বলেন, "জীবন রক্ষাকারী ওভারডোজ প্রতিরোধ সরবরাহ প্রদান করা সকলের জন্য অর্থপূর্ণ। দুর্ঘটনাবশত ওভারডোজের শিকার হওয়ার ঝুঁকিতে থাকা (যার মধ্যে তাদের জন্য প্রযোজ্য নয় এমন ওষুধ অসাবধানতাবশত সেবন করা শিশু রয়েছে) আমরা যেসব নতুন মায়েদের সাথে কাজ করি তারা এইসব বিনামূল্যের সরবরাহ পেয়ে এবং কীভাবে তা ব্যবহার করতে হয়, এবং কীভাবে নিজেদের ও নিজেদের পরিবারকে নিরাপদ রাখতে হয় তা শিখতে পেরে অত্যন্ত কৃতজ্ঞ। গৃহ নির্যাতন আশ্রয়কেন্দ্রে যেখানে পরিবারসমূহ দুর্বল এবং সম্ভাব্য বিপজ্জনক সহ্য করার কৌশলের সংস্পর্শে থাকে সেখানে ওভারডোজ প্রতিরোধ সরবরাহের অ্যাক্সেস প্রদান করা হলো এই জীবন রক্ষাকারী ওষুধের সমান অ্যাক্সেস প্রদানের ক্ষেত্রে পরবর্তী ধাপ।"

আসক্তিতে আক্রান্ত নিউ ইয়র্কবাসী, বা যাদের কোনো প্রিয়জন আক্রান্ত হয়েছে, তারা সপ্তাহে 7 দিন, দিনে 24 ঘণ্টা স্টেটের টোলমুক্ত হোপলাইনে 1-877-8-HOPENY (1-877-846-7369) নম্বরে ফোন করে বা HOPENY (শর্ট কোড 467369) টেক্সট করার মাধ্যমে সাহায্য পেতে পারবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ

নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন